

🔳 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:৫০

আরবি মূল আয়াত:

فَاجِتَبِهُ رَبُّهُ فَجَعَلَهُ مِنَ الصَّلِحِينَ ﴿٥٠﴾

তারপর তার রব তাকে মনোনীত করলেন এবং তাকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করলেন। — আল-বায়ান এভাবে তার প্রতিপালক তাকে বেছে নিলেন আর তাকে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করলেন। — তাইসিরুল পুনরায় তার রাব্ব তাকে মনোনীত করলেন এবং তাকে সৎ কর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করলেন। — মুজিবুর রহমান And his Lord chose him and made him of the righteous. — Sahih International

৫০. অতঃপর তার রব তাকে মনোনীত করে তাকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করলেন।

তাফসীরে জাকারিয়া

- (৫০) পুনরায় তার প্রতিপালক তাকে মনোনীত করলেন[1] এবং তাকে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করলেন।[2]
 - [1] এর অর্থ হল, তাঁকে সুস্থ ও সবল করে তুলে পুনরায় রিসালাত দানে ধন্য করে তাঁর জাতির নিকট প্রেরণ করা হল। যেমন, সূরা সাফফাত ১৪৬নং আয়াতে স্পষ্টভাবে বর্ণিত হয়েছে।
 - [2] এই জন্য নবী (সাঃ) বলেছেন যে, "কোন ব্যক্তি যেন এ কথা না বলে যে, আমি ইউনুস ইবনে মাতা থেকেও উত্তম।" (মুসলিম, ফাযায়েল অধ্যায়) অধিক দ্রুষ্টব্যঃ সূরা বাক্বারার ২৫৩নং আয়াতের টীকা।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5321

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন